দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL 2 1 1999
পৃঃ ২ কলাম ৬

# বুয়েট ॥ ৮ ছাত্রের শাস্তি মওকুফের আবেদন নাকচ

আনোয়ার আলদীন ॥ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ভাংচুরের ঘটনায় শাস্তিপ্রাপ্ত ৮ জন ছাত্রের শাস্তি মওকুফের আবেদন বুয়েট কর্তৃপক্ষ নাকচ করিয়া দিয়াছে। গতমাসে রবিন নামে ১ জন

(২য় পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## বুয়েট

(প্রথম পৃষ্ঠার পর)

ছাত্রকে চিরতরে বুয়েট হইতে বহিষ্কারসহ মোট ২২ জনকে বিভিন্ন মেয়াদে শাস্তি দেওয়া হয়। উহার পর সম্প্রতি ৮ জন ছাত্র তাহাদের শাস্তি মওকুফের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিলে গত রবিবার একাডেমিক পরিষদের সভায় তাহা নাকচ করা হয়। এদিকে গত এপ্রিলে ছাত্ররা বুয়েটে যে ভাংচুর করে, সেগুলির কিছুটা সংস্কার করা হইলেও অর্থাভাবে ভাংচুর সংস্কার কর্ম বন্ধ হইয়া আছে।

সম্প্রতি বুয়েট তহবিল হইতে ৫০-৬০ হাজার টাকা ব্যয়ে প্রশাসনিক ভবন সংস্কার করা হয়। আরও প্রায় অর্ধ লক্ষ টাকা প্রয়োজন। ভিসি প্রফেসর নূরউদ্দিন আহমদ জানাইয়াছেনঃ এই অর্থ সরকারের নিকট চাওয়া হইবে।

এদিকে অনেক অনিয়ম ও দুর্নীতির অভিযোগে অভিযুক্ত বুয়েটের ছাত্র কল্যাণ পরিচালক শামীম জেড বসুনিয়ার চাকুরীর মেয়াদ শেষ হওয়ার পর বুয়েট কর্তৃপক্ষ সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক প্রফেসর জয়নাল আবেদীনকে আগামী ২ বছরের জন্য এই পদে নিয়োগ দিয়াছে।

বুয়েটের ভিসি জানাইয়াছেন, শাস্তিপ্রাপ্ত ২২ জন ছাত্রের সকলেই চাহিলে ৬ মাস পর শাস্তি মওকুফের জন্য আবেদন করিতে পারিবে।